

ইউনিভার্সিটি অব সাউথ ওয়েলেসের 'মিনি ভার্সন' চট্টগ্রামে সানোয়ারা ট্রাস্ট প্রতিষ্ঠা করল দৃষ্টিনন্দন শিক্ষা প্রতিষ্ঠান

চট্টগ্রাম বুরো

বিশ্বের সেরা ২০টি শিক্ষাপ্রতিষ্ঠানের একটি অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলেসের নকশায় 'মিনি ভার্সন' হিসেবে চিটাগং কিডারগার্টেন ও হাজেরা-তজু স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করেছে সানোয়ারা ইসলাম ট্রাস্ট। চান্দগাঁও এলাকায় গড়ে উঠা এ দুটি প্রতিষ্ঠানে জাতীয় শিক্ষানীতি অনুসরণ করে ২০১৭ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রী ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের সভাপতি মজিবুর রহমান জানান, বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি থেকে নয়; পুণ্যদ্রব্য এলাকাকে শিক্ষার আলোয় আলোকিত করার উদ্দেশ্যে বাবা প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নূরুল ইসলাম বিএসপির অনুসরণ করে তিনিও শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলার কাজে হাত দিয়েছেন। তিনি বলেন, বিশ্বের সেরা ২০টি শিক্ষাপ্রতিষ্ঠানের একটি অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলেসের নকশায় 'মিনি ভার্সন' হিসেবে চিটাগং কিডারগার্টেন ও হাজেরা-তজু স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে। দুটি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান পদ্ধতিতেও থাকবে সেরা সেই শিক্ষা প্রতিষ্ঠানের ছোঁয়া। প্রতিটি ক্লাসের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় মেধাবী ছাত্রকে বৃত্তি দেয়া হবে। শিশুদের মনোবিকাশের লক্ষ্যে তাদের মনের মতো করে বিন্যাসের প্রতিটি কক্ষের রঙ করা হয়েছে। উন্নতমানের বসার বেঞ্চ থেকে শুরু করে সুপারিসর ক্লাসরুম, সবখানেই কোমলমতি শিশুদের স্বাস্থ্যের সঙ্গে মিল রাখা হয়েছে। খেলাধুলার ফাঁকে ফাঁকে মনের আনন্দে পড়ার জন্য রয়েছে নানা ধরনের খেলা আইটেমও। এছাড়া স্কুলের সামনের বিশাল মাঠের সঙ্গে পৃথকভাবে রয়েছে ফুলের বাগান ও কিডস গার্টেন। সোমবার নগরীর চান্দগাঁও এলাকার নূরুজ্জামান নাজির বাড়ি সড়কে অবস্থিত স্কুলটিতে সরেজমিন গিয়ে দেখা যায়, ডিজিটাল শিক্ষা উপকরণ দিয়ে প্রতিষ্ঠিত স্কুলটিতে রয়েছে কিছু অভিন্ন বৈশিষ্ট্য। নিজস্ব তিন তলা ভবন, শিক্ষার্থীদের জন্য সমৃদ্ধ লাইব্রেরি ও বিজ্ঞান গবেষণাগার এর মধ্যে

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

চট্টগ্রামে সানোয়ারা ট্রাস্ট প্রতিষ্ঠা করল

(৩য় পৃষ্ঠার পর)

অন্যতম। এছাড়া নিরাপত্তায় রয়েছে সার্বক্ষণিক সিসি ক্যামেরা ব্যবস্থা ও ইন্টারনেট সংযোগ বিশিষ্ট মাল্টিমিডিয়া ক্লাসরুম। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার জন্য রয়েছে প্রশস্ত খেলার মাঠ।

দুটি শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি মজিবুর রহমান যুগান্তরকে বলেন, বর্তমান তথ্যপ্রযুক্তির সঙ্গে তাল রেখে সব কিছুই সমন্বয় করা হয়েছে শিক্ষাপ্রতিষ্ঠানটিতে। এরই মধ্যে বিষয়ভিত্তিক নিবন্ধনধারী অভিজ্ঞ শিক্ষক ও অধ্যাপক নিয়োগ করা হয়েছে। এ ছাড়া শিক্ষানীতি ও সৃজনশীল শিক্ষা পদ্ধতি অনুসরণ করে সঠিক পাঠদান কার্যক্রম পরিচালনা করা হবে। শুধু চট্টগ্রাম নয়, গোটা নগরীতে সেরা স্কুল হিসেবে এ প্রতিষ্ঠান পরিচিতি লাভ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।